

কুয়েট পরিস্থিতি শান্ত ছাত্র বিষয়ক পরিচালকের পদত্যাগ

৷ খুশনা অকিস ৷

সোমবার খুশনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) পরিস্থিতি শান্ত হয়ে এসেছে। দিনভর ছাত্র বিকোভের পর কর্তৃপক্ষের নির্দেশে শিক্ষার্থীরা হল ত্যাগ করলে রাতের মধ্যে ক্যাম্পাস ফাঁকা হয়ে যায়। উত্তৃত পরিস্থিতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সেমিনার কক্ষে উপাচার্যের সভাপতিত্বে বেলা ১০টার এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এছাড়া ঘটনার পর বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক পরিচালক পদত্যাগপত্র দিয়েছেন।

গত শনিবার কুয়েটের যন্ত্রকৌশল বিভাগের এক (১৫শ পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

কুয়েট পরিস্থিতি

(১৬শ পৃঃ পর)

ছাত্রের সাথে ইতাশ্রিয়াল ইঞ্জিনিয়ারিং:

ম্যানেজমেন্টের ছাত্রদের হাতাহাড়ির জের ধরে গত রবিবার ছাত্র বিকোভ ও ভাংয়ের ঘটনা ঘটে। পরিস্থিতি সামল দিতে কুয়েট কর্তৃপক্ষ ৩ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয়। সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সেমিনার কক্ষে উপাচার্য অধ্যাপক ড. এম নওশের অসীম সভাপতিত্বে সকল ডিন, ডাইরেক্টর, বিভাগীয় প্রধান, হল প্রভোস্ট, সহকারী প্রভোস্টস শিক্ষকদের মধ্যে এক জরুরি সভা অনুষ্ঠিত হয় সভার সিদ্ধান্ত প্রসঙ্গে কুয়েটের উপাচার্য জানান আমরা উত্তৃত পরিস্থিতি নিয়ে আপাত-আলোচনা করেছি। ৩১ মে বিশ্ববিদ্যালয় চলার পর আবারে অশান্তিকর পরিস্থিতি সৃষ্টি না হতে পারে। ব্যাপারে পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক পরিচালক ড. মোঃ আফতাব আহমেদ গত রবিবার বিকোভ উপাচার্যের কাছে তার পদত্যাগপত্র জমা দিয়েছেন। পদত্যাগপত্রের বিষয়টি বিচার করে নিয়ে উপাচার্য জানান, এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত নেয়া হয়নি। আজ মঙ্গলবার সকালে আবারো সিনিয়র শিক্ষকদের বৈঠক অনুষ্ঠিত হবে